গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইন অধিশাখা

নং-৩৩.০২.০০০০.১২৭.০০.০৩৩.১৫-৪০৪

তারিখ ঃ ২৯ শ্রাবণ ১৪২৪ / ১৩ আগস্ট ২০১৭

## সভার নোটিশ

'বাংলাদেশ ডেইরী উন্নয়ন বোর্ড আইন-২০১৭' এর খসড়ার ওপর বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ২১-০৮-২০১৭ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (ভবন নং-৬, কক্ষ নং-৫১২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায়, সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
বাংলাদেশ ডেইরী উন্নয়ন বোর্ড আইন-২০১৭' এর খসড়া ১০ (দশ) পাতা

(মোঃ হামিদুর রহমান)
উপ-সচিব
ফোন-৯৫৭৬৩৫৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, অভ্যন্তরীন সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৮. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা।
১৩. সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
১৪. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৯. সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
২০. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা।
৩৩. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

(১–৩২: একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)

৩৪. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩৫. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৩৬. ব্যবস্থাপনা পরিচালক, মিল্কভিটা লিমিটেড, ১৩৯/১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৩৭. ডঃ সাজ্জাদ হায়দার, মেম্বার, বাংলাদেশ ডেইরী ডেভেলপমেন্ট কাউন্সিল, ১৩৯/৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৩৮. মহাব্যবস্থাপক, ব্রাক ডেইরী এন্ড ফুড প্রোডাক্ট, ৩৪৬, তেজগাঁও শিল্প এলাকা, ১২১৫।
৩৯. উপব্যবস্থাপনা পরিচালক, প্রাণ ডেইরী লিমিটেড, ১০৫, মধ্য বাড্ডা, ঢাকা।
৪০. পরিচালক, আফতাব মিল্ক, ৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৪১. ব্যবস্থাপনা পরিচালক, ধামরাই ডেইরী লিঃ, একমি ভবন, কল্যাণপুর, মিরপুর, ঢাকা।
৪২. নির্বাহী পরিচালক, লালতীর লাইভস্টক লিঃ, এ্যাংকর টাওয়ার, ১০৮, বীর উত্তম সি আর দত্ত রোড, ঢাকা-১২০৫।

নং-৩৩.০২.০০০০.১২৭.০০.০৩৩.১৫-৪০৪

তারিখ ঃ ২৯ শ্রাবণ ১৪২৪ / ১৩ আগস্ট ২০১৭

অনুলিপিঃ

০১। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। উপসচিব (নিরাপত্তা-০২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে আগত সদস্যদের বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
০৪। উপসচিব (প্রশাসন-০২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আনুমানিক ৭০ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৫। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ হামিদুর রহমান)
উপসচিব

# বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড আইন, ২০১৭ ( খসড়া )

যেহেতু দুধ শিশুসহ সকল মানুষের খাদ্য; এবং

যেহেতু দুগ্ধজাত খাদ্য তৈরীতে দুধ প্রয়োজন;এবং

যেহেতু জাতীয় ভাবে দুধ উৎপাদন বৃদ্ধি এবং নিরাপদ খাদ্য হিসাবে সরবরাহ নিশ্চিত করার জন্য একটি কর্তৃত্ব সম্পন্ন কর্তৃপক্ষ থাকা বাঞ্চনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১।**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন** ।- (ক) এই আইন বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড আইন, ২০১৭ নামে অভিহিত হইবে।

(খ) ইহা সরকার গেজেট বিজ্ঞপ্তির দ্বারা যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখ হইতে কার্যকর হইবে।

২।**সংজ্ঞা-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে বুঝাইবে-
(ক) "পরিচালনা পর্ষদ" অর্থ ধারা ৬ এর অধীন গঠিত বোর্ডের পরিচালনা পর্ষদ;

(খ) "পরিচালক" অর্থ বোর্ডের পরিচালক;

(গ) "প্রবিধানমালা" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঘ) "ডেইরি" অর্থ গবাদিপশু হতে আহরিত দুধ এবং দুধ প্রক্রিয়াকরনের মাধ্যমে শিশুসহ সকল মানুষের নিরাপদ খাদ্য এবংএর উৎপাদন ও ব্যবস্থাপনাকে বুঝাইবে।

(ঙ)"বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(চ) "বোর্ড" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ ডেয়রি উন্নয়ন বোর্ড;

(ছ)"ভাইস চেয়ারম্যান" অর্থ ধারা ৬ এর অধীন নিযুক্ত পরিচালনা পর্ষদের ভাইস-চেয়ারম্যান;

(জ) "নির্বাহি পরিচালক" অর্থ ধারা ১০ এর অধীন নিযুক্ত বোর্ডের নির্বাহি পরিচালক;

(ঝ) "চেয়ারম্যান" অর্থ ধারা ৬ এর অধীন নিযুক্ত পরিচালনা পর্ষদের চেয়ারম্যান;

(ঞ)"নির্ধারিত" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত;

(ট) "সদস্য" অর্থ ধারা ৬ এর অধীন নিযুক্ত পরিচালনা পর্ষদের সদস্য;

(ঠ) " দুগ্ধ বা দুধ" অর্থ গবাদিপশু অর্থাৎ গরু, মহিষ, ছাগল ও ভেড়া হতে সংগৃহীত দুধ।

(ড) "দুগ্ধজাত" অর্থ

(i)নির্বীজিত(Sterilized),খাদ্যমানসম্পন্ন (Standardized), পুণর্যুক্তিকৃত(Recombined ),

ননীযুক্ত (Toned) , দ্বিগুননীযুক্ত (Double toned), ননীবিহীন ( Skimmed ) , খাদ্যে

ব্যবহারযোগ্য সুগন্ধীযুক্ত বা অম্লীয় দুধ (Flavoured or acidified milk);

(ii) আইসক্রিম (Ice-cream)

(iii) ক্রিম (Cream);

(iv) পনির (Cheese);

(v) মাখন (Butter);

(vi) পাওডার দুধ (Milk powder);

মাতৃদুদগ্ধের বিকল্প দুগ্ধসমৃদ্ধ খাদ্য এবং দুগ্ধসমৃদ্ধ শিশুর খাদ্য ( Weaning foods with milk and infant milk foods)

(vii) সীরান্বিত দুধসমৃদ্ধ খাদ্য কোকো বা কোকো ছাড়া ( Malted milk foods with or without cocoa powder);

(viii) ঘি (Ghee);

(ix) এ্যানহাইড্রাস দুধ, তৈলজাতীয় বা বাটার তেল ( Anhydrous milk, fat and butter oil);

(x)কেজিন (Casein);

(xi) অন্য কোন খাদ্য দুধ বা সমগ্র বা অংশত দুগ্ধজাতীয়, যাহা উপরে বর্ণিত আছে, এরূপ খাদ্য ,যাহা সরকার কর্তৃক গেজেট বিজ্ঞপ্তির দ্বারা এই আইনের সাথে সাযুজ্যপূর্ণ ।

(ঢ) "খাদ্য" অর্থ নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ২(১৭) ধারায় উল্লিখিত "নিরাপদ খাদ্য"।

(ণ)"ভ্রাম্যমাণ আদালত" অর্থ মোবাইল কোর্ট আইন, ২০০৯ মোতাবেক গঠিত আদালত।

(ত) "সরকার" অর্থ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৩। **বোর্ড গঠন** ।- (ক) এই আইন প্রবর্তনের পর, যথাশীঘ্র সম্ভব, সরকার এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড নামে একটি বোর্ড গঠন করিবে।

(খ) বোর্ড একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং বোর্ড ইহার নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৪। **প্রধান কার্যালয়, ইত্যাদি**।- (ক) বোর্ডের প্রধান কার্যালয় সরকার কর্তৃক নিধারিত স্থানে হইবে। (খ) বোর্ড, প্রয়োজনবোধে সরকারের পূর্বানুমোদনক্রমে, দেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৫। **সাধারণ পরিচালনা ও প্রশাসন** ।- বোর্ডের সাধারণ পরিচালনা ও প্রশাসন পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত থাকিবে এবং বোর্ডের নির্বাহী পরিচালক কর্তৃক রোর্ডের অনুমোদন সাপেক্ষে দৈনন্দিন কার্যক্রম পরিচালিত হবে।

৬। **পরিচালনা পর্ষদ** ।- (১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ডের একটি পরিচালনা পর্ষদ থাকিবে, যথা:-

(ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী বা প্রতিমন্ত্রী, পদাধিকারবলে, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) জাতীয় সংসদেরমাননীয় স্পীকার কর্তৃক মনোনীত একজন মাননীয় সংসদ সদস্য;

(গ)মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব, পদাধিকার বলে, যিনি উহার ভাইস-চেয়ারম্যানও হইবেন;

(ঘ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত কর্মকর্তা (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নহে);

(ঙ) উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (পদাধিকার বলে);

(চ) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর (পদাধিকার বলে);

(ছ) মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (পদাধিকার বলে);

(জ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত কর্মকর্তা (যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহে);

(ঝ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত কর্মকর্তা (যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহে);

(ঞ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নহে);

(ট) নির্বাহি পরিচালক, বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ড, যিনি উহার সদস্য-সচিবও হইবেন;

(ঠ) সরকার কর্তৃক মনোনীত স্বীকৃত সরকার কর্তৃক নিবন্ধিত দুগ্ধ সমবায় সমিতির একজন করিয়া মোট দুইজন সদস্য, যাহার মধ্যে একজন মহিলা হইবেন;

(ড) সরকার কর্তৃক মনোনীত গবাদিপশু পালনকারী, বানিজ্যিকভাবে দুধ উৎপাদনকারী ও দুগ্ধজাত খাদ্যের ব্যবসায়ীগণের মধ্য হইতে সর্বমোট দুইজন প্রতিনিধি যাহার মধ্যে অনূন্য একজন মহিলা প্রতিনিধি থাকিবেন, তবে কোন গ্রুপ হইতে একাধিক সদস্য মনোনয়ন দেওয়া যাইবে না।

(২) উপ-ধারা (১) এর দফা (ঞ) এবং (ট) এর অধীন মনোনীত সদস্যগণ নিয়োগ অথবা, ক্ষেত্রমত, মনোনয়নের তারিখ হইতে তিন বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাহার সদস্য পদ বাতিল করিতে পারিবে।

(৩) উপ-ধারা (ক) অনুযায়ী গঠিত বোর্ডের কোন সদস্য লিখিত স্বাক্ষরযুক্ত পত্রযোগে চেয়ারম্যান এর নিকট স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কোন পদত্যাগ কার্যকর হইবে না।

৭। **সদস্যগণের অযোগ্যতা ও অপসারণ** ।-(১) কোন ব্যক্তি পরিচালনা পর্ষদের সদস্য হইবার যোগ্য হইবেন না বা সদস্য থাকিতে পারিবেন না, যদি তিনি-

(ক) কোন সময় সরকারি চাকুরীর জন্য অযোগ্য বা সরকারি চাকুরী হইতে বরখাস্ত হন;

(খ) নৈতিকস্খলন জনিত অপরাধে দোষী সাব্যস্ত হন;

(গ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন;

(ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত হন; অথবা

(ঙ) পরিচালনা পর্ষদের অনুমতি ব্যতিত কোন সদস্য যদি পর পর তিনটি সভায় যোগদানে বিরত থাকেন; তবে শর্ত থাকে যে, পদাধিকারবলে নিয়োগপ্রাপ্ত সদস্যের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।

(২) ধারা-৬ এর উপ-ধারা (২) এর বিধান সত্ত্বেও সরকার পরিচালনা পর্ষদের যে কোন মনোনীত সদস্যকে লিখিত আদেশের মাধ্যমে যে কোন সময় অপসারণ করিতে পারিবে, যদি তিনি-

(ক) এই আইনের অধীন তাহার উপর অর্পিত দায়িত্ব সম্পাদনে ব্যর্থ হন বা অস্বীকার করেন বা সরকারের বিবেচনায় দায়িত্ব সম্পাদনে অক্ষম হন; বা

(খ) সরকারের বিবেচনায় সদস্য হিসাবে তাহার পদের অপব্যবহার করেন; বা

(গ) পরিচালনা পর্ষদের লিখিত অনুমতি ব্যতীত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিজে বা কোন অংশীদারের মাধ্যমে জ্ঞাতসারে বোর্ডের পক্ষে সম্পাদিত কোন চুক্তি বা চাকুরী সংক্রান্ত বিষয়ে কোন শেয়ার বা স্বার্থ অর্জন করেন বা অধিকারে রাখেন।

৮। **পরিচালনা পর্ষদের সভা**।- (ক) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, পরিচালনা পর্ষদ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(খ)পরিচালনা পর্ষদের সভা উহার চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থানে ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(গ) প্রতি তিন মাসে পরিচালনা পর্ষদের অন্যূন একটি সভা অনুষ্ঠিত হইবে, তবে জরুরী প্রয়োজনে স্বল্পতম সময়ের নোটিশে সভা আহবান করা যাইবে।

(ঘ) পরিচালনা পর্ষদের সভায় কোরাম গঠনের জন্য উহার মোট সদস্য সংখ্যার অনূন্য এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(ঙ) চেয়ারম্যান বোর্ডের পরিচালনা পর্ষদের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে ভাইস-চেয়ারম্যান সভায় সভাপতিত্ব করিবেন।

(চ) পরিচালনা পর্ষদের প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং সংখ্যাগরিষ্ঠ ভোটে সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে প্রদত্ত ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(ছ) শুধুমাত্র কোন সদস্য পদের শূন্যতা বা পরিচালনা পর্ষদ গঠনে ত্রুটি থাকিবার কারণে পরিচালনা পর্ষদের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা তৎসম্পর্কে কোন আদালতে বা অন্য কোথাও কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

৯। **বোর্ডের কার্যাবলী**।- বাংলাদেশ ডেইরি উন্নয়ন বোর্ডের কার্যাবলী নিম্নরূপ হইবে, যথা:-
(ক) ব্যক্তি পর্যায়ে ও বানিজ্যিক ভাবে নিরাপদ খাদ্য হিসাবে দুধ উৎপাদনের পরিকল্পনা ও উন্নয়ন;

(খ) ডেইরি বিষয়ক বৈজ্ঞানিক, কারিগরি ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক উপযুক্ত প্রশিক্ষণ প্রদানে সুপারিশ;

(গ)ডেইরীহেল্থ ,দুধ উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণে প্রণোদনা প্রদান ও প্রচারণা।

(ঘ) দুগ্ধ খামার বা দুগ্ধ শিল্পাঞ্চল সৃষ্টিতে উদ্যোগ গ্রহন এবং দুধ উৎপাদন উদ্যোক্তা সৃষ্টি।
(ঙ) ব্যক্তি বা সমবায় পর্যায়ে দুধ উৎপাদনে বোর্ড কর্তৃক নির্ধারিত হারে সেবা ফি গ্রহনের মাধ্যমে ঋণ প্রদান এবং আদায় এবং এ বিষয়ে সমবায় ভিত্তিক উদ্যোগে সহায়তা প্রদান;

(চ)দুগ্ধ বাজার সৃস্টি ও ব্যবস্থাপনা।

(ছ) দুধ বা দুগ্ধজাত খাদ্যের মান যাচাই এর জন্য নমুনা সংগ্রহ, পরীক্ষা এবং মানের ব্যত্যয় ঘটিলে আইনানুগ ব্যবস্থা গ্রহন।

(জ) সরকার স্বীকৃত আর্থিক প্রতিষ্ঠানের সাথে চুক্তির মাধ্যমে দুধ উৎপাদন বা প্রক্রিয়াকারী উদ্যোক্তাদের পুজি সরবরাহের ব্যবস্থা গ্রহন।

(ঝ)ব্যবহারের জন্য শিশু ও অন্য যে কোন মানুষের জন্য খাদ্য হিসাবে শ্রেনিভিত্তিক দুধের মান নির্ধারণ।
(ঞ) দুধ বা দুগ্ধজাত খাদ্যের উপর বিভিন্ন উপাত্ত সংগ্রহ , গ্রন্থনা , সরকারকে প্রতিবেদন আকারে প্রদান এবং বোর্ডের অনুমোদন সাপেক্ষে অন্য যে কোন ব্যক্তিকে প্রদান;

(ট) দুধ বা দুগ্ধজাত খাদ্য উৎপাদন শিল্পের উন্নয়নের জন্য প্রকল্প প্রণয়ন, পরিচালনা ও বাস্তবায়ন;
(ঠ) উপরি-উক্ত কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে যেইরূপ প্রয়োজনীয় বা সুবিধাজনক হয় সেইরূপ আনুষঙ্গিক বা সহায়ক সকল বিষয়ে ব্যবস্থা গ্রহণ; এবং

(ড) ডেইরি বা ডেইরি সংশ্লিষ্ট সমবায় সমিতির নিবন্ধন ।

(ঢ) ডেইরি বিজ্ঞান, প্রাণিস্বাস্থ্য, বাছুর পালন, প্রজনন, পশুপালন, প্রাণিপুষ্টি ও ঘাসচাষ বিদ্যাসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে গবেষনাসহ অন্যান্য কার্যক্রমের উন্নয়নে সুবিধা সৃষ্টি করা।

(ন) সরকার কর্তৃক আরোপিত ডেয়রি উন্নয়ন সংশ্লিষ্ট অন্য যে কোন দায়িত্ব পালন।

১০। **বোর্ডের নির্বাহি পরিচালক** ।- (ক) বোর্ডের একজন নির্বাহি পরিচালক থাকিবেন, যিনি সরকারের যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা হইবেন এবং তিনি সরকার কর্তৃক নির্দিষ্ট শর্তে নিযুক্ত হইবেন।
(খ) নির্বাহি পরিচালক বোর্ডের একজন সার্বক্ষণিক কর্মকর্তা হইবেন এবং তিনি প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(গ) নির্বাহি পরিচালক পরিচালনা পর্ষদ কর্তৃক, সময় সময় তাহার উপর অর্পিত দায়িত্বসহ নির্ধারিত কার্যাবলী সম্পাদন করিবেন।

(ঘ) নির্বাহি পরিচালকের পদ শূন্য হইলে, কিংবা অসুস্থতা বা অন্য কোন কারণে তিনি তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত নির্বাহি পরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত, কিংবা নির্বাহি পরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত, সরকার, নির্বাহি পরিচালকের দায়িত্ব পালনের লক্ষ্যে তদবিবেচনায় যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।

১১।**বোর্ডের তহবিল, ইত্যাদি** । - (১) বোর্ডের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথা:-
(ক) সরকার কর্তৃক প্রদত্ত ঋণ ও অনুদান;
(খ) সরকারের পূর্বানুমোদনক্রমে কোন বিদেশী সরকার, সংস্থা বা আন্তর্জাতিক সংস্থা হইতে প্রাপ্ত অনুদান;
(গ) বোর্ডের সম্পত্তি বিনিয়োগ হইতে আহরিত আয়;
(ঘ) এই আইনবলে সংগৃহীত ফি; এবং
(ঙ) সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) বোর্ডের তহবিল হইতে বোর্ডের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

(৩) পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত কোন তফসিলি ব্যাংকে তহবিলের অর্থ জমা রাখা যাইবে।

(৪) তহবিলের অর্থ সরকার কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করা যাইবে।

(৫)বোর্ডের নির্বাহি পরিচালক এবং সচিব এর যৌথ স্বাক্ষরে তহবিলের হিসাব পরিচালিত হইবে।

১২। **রেজিস্ট্রেশন, ফি, ইত্যাদি** । - (১) অন্য আইনে যাহাই বর্ণিত থাকুক না কেন , এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ইহার কার্যকরিতা আরম্ভের তারিখ পর, বানিজ্যিকভাবে স্থাপিত হইবে এমন দুধ উৎপাদনকারী (খামার) প্রতিষ্ঠান দুগ্ধ প্রক্রিয়াকারী শিল্প, ২(ড) ধারায় বর্ণিত দুগ্ধজাত পণ্য প্রস্তুত, বিপনন ,ইহার সকল বা কোন একটি পণ্য বা কাজে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, সরকার কর্তৃক নির্ধারিত হারে ফি প্রদান সাপেক্ষে বোর্ডে রেজিস্ট্রেশন করিতে বাধ্য থাকিবে।

তবে শর্ত থাকে যে, যে সকল প্রতিষ্ঠান এই ধারার (২) উপধারায় বর্ণিত বিধিমালা জারীর এক বৎসরের মধ্যে, বানিজ্যিকভাবে স্থাপিত হইবে এমন দুধ উৎপাদনকারীপ্রতিষ্ঠান, দুধ প্রক্রিয়াকারী শিল্প, ২(ড) ধারায় বর্ণিত দুগ্ধজাত পণ্য প্রস্তুত, বিপনন ,ইহার সকল বা কোন একটি পণ্য বা কাজে সংশ্লিষ্ট, সে সকল প্রতিষ্ঠান, এই ধারার (১) উপধারায় বর্নিত রেজিস্ট্রেশনের যোগ্য হইবে।

(২) সরকার রেজিস্ট্রেশনের উদ্দেশ্য, পদ্ধতি ইত্যাদি বিষয়ে বিধি প্রণয়ন করিবে।

১৩। **খামার, শিল্প স্থাপন ইত্যাদি**।- বোর্ড নিজস্ব কর্তৃত্বে পরিচালনার জন্য সরকারের পূর্ব অনুমোদন গ্রহন সাপেক্ষে দুধ উৎপাদন প্রতিষ্ঠান, দুগ্ধ প্রক্রিয়াকরন শিল্প, এই আইনের ২(১৪) ধারায় বর্ণিত দুগ্ধজাত পণ্য প্রস্তুত, বিপনন ,ইহার সকল বা কোন একটি পণ্য বা কাজের জন্য শিল্প স্থাপন এবং ক্রয় বা ব্যবসায় প্রতিষ্ঠান পরিচালনা করিতে পারিবে।

(২) বোর্ডএই ধারার (১) উপধারার উদ্দেশ্য অর্জনের জন্য প্রয়োজনীয় প্রবিধানমালা প্রণয়ন করিবে।

১৪। **দুধ বা দুগ্ধ জাতীয় খাদ্যের মান বিষয়ক অনাপত্তি সনদ প্রদান**।- বোর্ড দুধ বা দুগ্ধ জাত খাদ্যের, মান নির্ধারন করিতে পারিবে এবং প্রয়োজনীয় পরীক্ষাপুর্বক মান সম্পর্কে একটি নির্দিষ্ট মেয়াদের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানকে, বোর্ড নির্ধারিত ফি গ্রহনের মাধ্যমে সনদ প্রদান করিতে পারিবে।

(২) সরকার (১) উপ-ধারার উদ্দেশে প্রয়োজনীয় বিধিমালা প্রণয়ন করিবে।

(৩) সনদ প্রাপ্তির পর, বোর্ড স্ব-উদ্যোগে বা অভিযোগের ভিত্তিতে, উৎপাদনস্থল, মজুদাগার, প্রক্রিয়াকরণ কারখানা ও বাজার হইতে দুধ বা দুগ্ধ জাত খাদ্যের নমুনা সংগ্রহ করিতে পারিবে এবং পরীক্ষা পূর্বক নির্দিষ্টকৃত মানের ব্যত্যয়ে মানহীন পন্য প্রত্যাহারের ও ধংস্বের নির্দেশ দিতে পারিবে।

(৪) নির্দিষ্টকৃত মানের ব্যত্যয়ে মানহীন দুধ বা দুগ্ধজাতীয় পণ্য প্রস্তুত, মজুদ ও বিপনন সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে ফৌজদারী অপরাধ হিসাবে গণ্য হইবে।

১৫।**বাজেট** ।- বোর্ড প্রতি বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কি পরিমাণ অর্থ প্রয়োজন হইবে উহার উল্লেখ করিবে।

১৬।**হিসাব রক্ষণ ও নিরীক্ষা** । - (১) সরকার কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে বোর্ড অর্থ ব্যয়ের যথাযথ হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহাহিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর বোর্ডের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি সরকার ও বোর্ডের নিকট প্রেরণ করিবেন।

(৩) উপ-ধারা (২) অনুযায়ী হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহাহিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি বোর্ডের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং বোর্ডের যে কোন সদস্য, কর্মকর্তা ও কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

(৪) উপ-ধারা (খ) এ উল্লিখিত নিরীক্ষা ছাড়াও বোর্ড কর্তৃক প্রত্যেক বৎসরে একবার The Bangladesh Chartered Accountants Order, 1973 (P.O.No. 2 of 1973) এর Article 2(1)(b) তে সংজ্ঞায়িত চার্টার্ড একাউনটেন্ট দ্বারা বোর্ডের হিসাব পরীক্ষিত ও নিরীক্ষিত হইবে।

(৫) প্রত্যেক অর্থ বৎসর সমাপ্তির ছয় মাসের মধ্যে বোর্ডের হিসাব নিরীক্ষা প্রতিবেদন অনুমোদিত হইতে হইবে।

১৭। **বার্ষিক প্রতিবেদন** ।- (১) বোর্ড প্রতি অর্থ বৎসরে উহার সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন পরবর্তী অর্থ বৎসরের ৩১ শে জানুয়ারী এর মধ্যে সরকারের নিকট দাখিল করিবে।
(২) সরকার প্রয়োজনমত বোর্ডের নিকট হইতে যে কোন সময় উহার যে কোন বিষয়ের উপর বিবরণী, রিটার্ন ও প্রতিবেদন আহবান করিতে পারিবে এবং বোর্ড উহা সরকারের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

১৮। **কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ, ইত্যাদি** । -সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী বোর্ড উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে একজন সচিবসহ প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাঁহাদের চাকুরীর শর্তাবলী প্রবিধানমালা দ্বারা নির্ধারিত হইবে।

১৯। **ক্ষমতা অর্পণ** ।-পরিচালনা পর্ষদ,উদ্ভুত কোন নির্দিষ্ট পরিস্থিতি বা অবস্থা, যদি থাকে; লিখিত বা বিশেষ আদেশ বলে তার কোন ক্ষমতা প্রয়োগে চেয়ারম্যান, মহাপরিচালক, কোন সদস্য অথবা ইনস্টিটিউটের কোন কর্মকর্তা, যাঁকে নির্দিষ্ট করা হয়, তাহাকে অর্পন করিতে পারিবে।

তবে শর্ত থাকে যে, ধারা ২৪ এর অধীনে প্রবিধানমালা (রেগুলেশন) তৈরির কোন ক্ষমতা অর্পণ করা যাইবে না।

২০। **আইনের প্রাধান্য।**- আপাতত বলবৎ অন্য কোনো আইনে এই আইনে বর্ণিত বিষয়ে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলি প্রাধান্য পাইবে।

**২১। দন্ড।**- (১) কোনো ব্যক্তি ধারা ১৪এরউপধারা (৪) এ বর্ণিত অপরাধ করিলে তিনি অনূর্ধ্ব ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিকপঞ্চাশহাজারটাকা পযন্ত অর্থ দন্ড বা উভয় দন্ডে দন্ডনীয় হইবেন।

**২২। দন্ড আরোপেরক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের বিশেষক্ষমতা।**- ফৌজদারী কার্যবিধি আইন, ১৮৯৮ তে যাহা কিছুইথাকুক না কেন, নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক গঠিত ভ্রাম্যমাণ আদালত ধারা ২১ এ বর্ণিত দন্ড আরোপ করিতে পারিবে।

২৩।**বিধি প্রণয়নের ক্ষমতা** । -এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৪।**প্রবিধানমালা প্রণয়নের ক্ষমতা** ।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ প্রবিধানমালা প্রণয়ন করিতে পারিবে।

২৫। **দায়মুক্তি।**এই আইন বা আইনের আওতায় প্রণীত বিধির অধীনে সরল বিশ্বাসে কৃত কোনো কাজের ফলে কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান, সংস্থা বা কোম্পানি ক্ষতিগ্রস্থ হইলে তজ্জন্য বোর্ডের পরিচালনা পরিষদের চেয়ারম্যান বা ইহরিকোন সদস্য বা অধীনস্থ কোনো কর্মকর্তা, কর্মচারি বা বোর্ডকর্তৃক নিয়োজিত কোনো ব্যক্তির বিরুদ্ধে দেওয়ানি বা ফৌজদারি মামলা বা অন্য কোনো আইনগত কার্যধারা গ্রহণ করা যাইবে না।

**২৬। জনসেবক।**- বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীগণ Penal Code (Act XLV of 1860) - এর Section 21 এ Public Servant ( জনসেবক ) কথাটি যে অর্থে ব্যবহৃত হইয়াছ সেই অর্থে জনসেবক (Public Servant) বলিয়া গণ্য হইবে।

২৭। **ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ**। - এই আইন প্রবর্তনের পর, সরকার প্রয়োজনে, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

তবে শর্ত থাকে যে, এই আইনের বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।